

ক. হিসাব চক্রের বিভিন্ন ধাপসহ একটি চিত্র উপস্থাপন কর।



১. **লেনদেন শনাক্তকরণ:** হিসাব চক্রের প্রথম ধাপে ব্যবসায়ের প্রতিটি ঘটনাকে বিশ্লেষণ করে লেনদেন হিসেবে চিহ্নিত করা হয়।

২. **লেনদেন বিশ্লেষণ:** এই ধাপে প্রতিটি লেনদেন বিশ্লেষণ করে সংশ্লিষ্ট হিসাবখাতগুলো চিহ্নিত করা হয়।

৩. **জাবেদাভুক্তকরণ:** বিশ্লেষণকৃত হিসাবখাতগুলো দূতরফা দাখিলা অনুসারে প্রযোজ্য হিসাবের প্রাথমিক বইতে ডেবিট-ক্রেডিট বিশ্লেষণ করে তারিখের ক্রমানুসারে জাবেদায় লিপিবদ্ধ করা হয়।

৪. **খতিয়ানে স্থানান্তর:** এই ধাপে জাবেদায় লিপিবদ্ধকৃত লেনদেনগুলোকে আলাদা আলাদা হিসাবের শিরোনামে লিপিবদ্ধ করা হয়। প্রতিটি হিসাবখাতের জন্য আলাদা আলাদা খতিয়ান তৈরি করে প্রতিটি হিসাবের নির্দিষ্ট সময়ান্ত্রে উদ্বৃত্ত নির্ণয় করা হয়।

৫. **বেওয়ামিল প্রস্তুতকরণ:** লেনদেনসমূহ নির্ভুলভাবে হিসাব বহিতে লিপিবদ্ধ হয়েছে কি না তা যাচাই করার উদ্দেশ্যে খতিয়ানের ডেবিট উদ্বৃত্ত ও ক্রেডিট উদ্বৃত্তের সাহায্যে বেওয়ামিল প্রস্তুত করা হয়।

৬. **সমন্বয় দাখিলা:** ব্যবসায়ের প্রকৃত আর্থিক অবস্থা নির্ণয়ের জন্য সংশ্লিষ্ট হিসাবকালের প্রাপ্য আয়, বকেয়া খরচ, অগ্রিম খরচ এবং অনুপার্জিত আয় ইত্যাদি দফাগুলোকে সমন্বয় করতে সমন্বয় দাখিলা প্রদান করা হয়।

৭. **কার্যপত্র প্রস্তুত:** আর্থিক বিবরণী প্রস্তুত সহজতর করার উদ্দেশ্যে ঐচ্ছিক কাজ হিসেবে বহুঘরবিশিষ্ট একটি বিবরণী প্রস্তুত করা হয়, যাকে কার্যপত্র বলে।

৮. **আর্থিক বিবরণী প্রস্তুত:** আর্থিক বিবরণী প্রস্তুতের মাধ্যমে ব্যবসায় প্রতিষ্ঠানের লাভ-ক্ষতি, সম্পদ, দায় ও মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় করা হয়।

৯. **সমাপনী দাখিলা:** কারবারের মুনাফাজাতীয় আয় এবং মুনাফাজাতীয় ব্যয়গুলোর জের ও উত্তোলন হিসাব বছরান্তে বন্ধ করতে হয়। এক বছরের আয়-ব্যয় পরবর্তী হিসাব বছরে যাবে না, তাই সমাপনী দাখিলার প্রয়োজন হয়।

১০. **হিসাব পরবর্তী রেওয়ামিল বা প্রারম্ভিক জাবেদা:** সমাপনী দাখিলা প্রদানের মাধ্যমে ব্যবসায়ের আয়, ব্যয় ও উত্তোলন হিসাব বন্ধ হয়ে যায়। অবশিষ্ট সম্পদ, দায় ও মালিকানা স্বত্ব হিসাবের জের নিয়ে পরবর্তী হিসাব বছর শুরু করা হয়। এর জন্য হিসাব পরবর্তী রেওয়ামিল বা প্রারম্ভিক জাবেদা প্রস্তুত করা হয়।

খ. **লিম্ন ড্রেডার্সের ২০২১ সালের জানুয়ারি মাসের নিম্নের কয়েকটি লেনদেন থেকে ছকের মাধ্যমে সংশ্লিষ্ট হিসাবসমূহের নাম উল্লেখ করে ডেবিট ও ক্রেডিট পক্ষ চিহ্নিত করঃ-**

লিম্ন ড্রেডার্সের সাধারণ জাবেদা

২০২১ সালের জানুয়ারি মাসের

তারিখ	বিবরণ ও ব্যাখ্যা	খ:পু:	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
	ভাড়া খরচ হিসাব ডেবিট নগদান হিসাব ক্রেডিট (দোকান ভাড়া পরিশোধ)			
জানু-০১	ক্রয় হিসাব ডেবিট পাওনাদার হিসাব ক্রেডিট (ধারে পণ্য ক্রয়)		২০,০০০	২০,০০০
জানু-০৫			৫৭,০০০	৫৭,০০০
জানু-১০	নগদান হিসাব ডেবিট		২৫,০০০	২৫,০০০
জানু-২০	ব্যয়ক হিসাব ক্রেডিট (ব্যয়ক থেকে উত্তোলন)		৪,০০০	৪,০০০
	পাওনাদার হিসাব ডেবিট ক্রয় ফেরত হিসাব ক্রেডিট (ক্রয় ফেরত পাঠানো হলো)			
জানু-২৮	নগদান হিসাব ডেবিট আসবাবপত্র হিসাব ক্রেডিট (পুরাতন টেবিল বিক্রয়)		২,৫০০	২,৫০০